

স্বাভাৱ

তাৰিখ: ০০ ০০ ০০ ০০ ০০ ০০
৮৩ ০০ ০০ ০০ ০০ ০০

NOV. 25 2002

বন্ধ হয়ে যাচ্ছে ৩০ বছরের পুরনো টাঙ্গাইল কটন মিল হাইস্কুল: ৬ শতাধিক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত

মির্জাপুর প্রতিনিধি

মির্জাপুর উপজেলার গোড়াইতে অবস্থিত টাঙ্গাইল কটন মিল হাইস্কুলটি বন্ধ হয়ে যাচ্ছে। ফলে ৩০ বছরের প্রাচীন এই হাইস্কুলে অধ্যয়নরত ৬ শতাধিক ছাত্রছাত্রীর ভবিষ্যৎ শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়েছে। প্রথমদিকে টাঙ্গাইল কটন মিলে কর্মরত শ্রমিক কর্মচারীদের ছেলেমেয়েকে কুলে লেখাপড়া করলেও কালক্রমে আসপাশের ৮/১০টি গ্রামের ছাত্রছাত্রী এই কুলে লেখাপড়া করতে বাজে। ফলে কুলটি এ উপজেলার একটি অন্যতম শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়। বিটিএমসিভুক্ত টাঙ্গাইলের কটন মিলের অওতাড়িত হওয়ায় একই হাইস্কুলে কর্মরত শিক্ষক কর্মচারীদের বেতন-জাতসহ দাবতীয় খরচ বিটিএমসিই বহন করত। মোকসনি প্রতিষ্ঠানে পরিণত হওয়ায় বিটিএমসি টাঙ্গাইল কটন মিলটি বন্ধ করে নিয়ে গত সোমবার মিলে কর্মরত শ্রমিক কর্মচারী

এবং টাঙ্গাইল কটন মিল হাইস্কুলে কর্মরত ১৫ জন শিক্ষক কর্মচারীর সব বকেয়া পাওনা দাবিদ ৩ কোটি ৮০ লাখ টাকার ডেক মিল কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করেছে। সেই ডেক থেকে গত দুমিন ধরে মিলে কর্মরত শ্রমিক কর্মচারীদের বকেয়া পাওনা পরিশোধ করে একে একে বিদায় করা হচ্ছে। এই প্রতিবাদ টাঙ্গাইল কটন মিল হাইস্কুলের শিক্ষক কর্মচারীদেরও দু'একদিনের মধ্যে বিদায় হতে হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা যায়। ফলে বহু প্রতিস্থির অধিকারী ৩০ বছরের প্রাচীন মির্জাপুর উপজেলার টাঙ্গাইল কটন মিল হাইস্কুলটিও বন্ধ হয়ে যাচ্ছে বলে জানা গেছে।

এমিকে বর্তমানে এই হাইস্কুলে দুই শিফটে ৬৫০ জন ছাত্রছাত্রী অধ্যয়ন করছে। প্রাচীন এই শিক্ষা প্রতিষ্ঠানটির ব্যাপারে কর্তৃপক্ষের এমনতর পদক্ষেপের কারণে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়েছে।